খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় মেহেরপুরের বারাদিতে বিএনপির দোয়া মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় গতকাল শনিবার বিকালে মেহেরপুরের বারাদি ইউনিয়ন পরিষদ চত্বরে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বারাদি ইউনিয়ন বিএনপির আয়োজনে এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলুর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, আনসারুল হক, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লেয়াকত আলীসহ বারাদি ইউনিয়ন বিএনপি, যুবদল, ছাত্রদল ও অঙ্গ-সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

দোয়া মাহফিলে বক্তারা বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অসুস্থতায় ভুগছেন। তাঁর আশু রোগমুক্তি ও দীর্ঘায়ু কামনায় দল-মত নির্বিশেষে সকলে বেগম খালেদা জিয়ার রোগমুক্তির জন্য দোয়া প্রার্থনা করেন।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

আন্তঃ ইউনিয়ন ফুটবল

টুর্নামেন্টে বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল অনূর্ধ্ব-১৭ টুর্নামেন্টের বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

আজ শনিবার বিকেলে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বাড়াদি ইউনিয়ন পরিষদ টাইব্রেকারে ৫-৩ গোলে প্রতিবেশী পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে। তীব্র প্রতিদ্বন্দ্বিপূর্ণ খেলায় নির্ধারিত সময়ে কোন দলই কোন গোল করতে না পারায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়। এতে বারাদি ইউনিয়নের পক্ষে আকাশ, সামিউল আলম, পরশ, রিয়াদ এবং রিফাত একটি করে গোল করেন।

পিরোজপুরের পক্ষে সুমন, জাহিদ হাসান এবং সাদ্দাম একটি করে গোল করেন। পিরোজপুরের সাদ্দাম সর্বোচ্চ গোলদাতা এবং বাড়াদির গোলরক্ষক জিহাদ সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন। এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, সরকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক তরিকুল ইসলাম পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

মেহেরপুরের বারাদিতে খন্দকার তিয়ানা সুইটস্ শো-রুমের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার ৪০ বছরের ঐতিহ্যবাহী মিষ্টান্ন প্রতিষ্ঠান খন্দকার সুইটস এর দ্বিতীয় শোরুম খন্দকার তিয়ানা সুইটস এর শো- রুম উদ্বোধন হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে চারটায় বারাদী বাজারের প্রাণকেন্দ্র পুলিশ ক্যাম্প সংলগ্ন এলাকায় জেলা পরিষদ মার্কেটে খন্দকার তিয়ানা সুইটস্ এর উদ্বোধন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

হরেক রকমের বাহারি ডিজাইনের মিষ্টির পসরা নিয়ে খন্দকার তিয়ানা সুইটস্ এর কার্যক্রম শুরু হল। এর মধ্যে হাড়িভাঙ্গা দুধ চমচম, স্পেশাল হাড়িভাঙ্গা ক্ষীর রোল, রোল সন্দেশ, ক্রিম জাম, ইলিশ পেটি, রসমালাই উল্লেখযোগ্য।

খন্দকার সুইটস্ এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদকও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

এছাড়াও উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী সর্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান পন্ডিতসহ এলাকার সুধীজন ও ব্যবসায়ীবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন বারাদী মাদ্রাসার মুহতামিম মাওঃ শফিকুল ইসলাম।

খন্দকার সুইটস্ এর পরিচালক খন্দকার সৌরভ বলেন, খন্দকার সুইটস এর প্রতিষ্ঠাতা আমার পিতা মরহুম খন্দকার আঃ মোতালেব এর হাত ধরেই সুদীর্ঘ ৪০ বছর সুনামের সহিত আমরা ব্যবসা পরিচালনা করে আসছি। জেলার চাহিদা মিটিয়েও বারাদি অঞ্চলের মানুষের চাহিদা পূরণ ও সর্বোচ্চ গুণগত মানের প্রশ্নে আমরা বদ্ধপরিকর। খন্দকার তিয়ানা সুইট বারাদী শো-রুম পরিচালনা করবেন খন্দকার আমিনুল ইসলাম এবং এসআই রিঙ্কু মাহমুদ।

বারাদি বীজ উৎপাদন খামারে অনিয়ম দুর্নীতির মহোৎসব

বিছালি বিক্রির টাকা ও সজনে ডাটা বিক্রির টাকা রাজস্ব খাতে জমা না দিয়ে আত্মসাৎ, অবহেলা জনিত কারণে ৫’শ মনের উপর বীজ আলু পঁচে নষ্ট, অনিয়মিত মৌসুমি শ্রমিকদের নামে তোলা টাকা আত্মসাৎ, সরকারি গাড়ি ব্যবহার করে চুয়াডাঙ্গায় যাতায়াতসহ নানা অনিয়ম ও দুর্নীতির মহোৎসব চলছে মেহেরপুরের বারাদি বীজ উৎপাদন খামারে। আর সকল অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উপ-পরিচালক মনিরুজ্জামানের বিরুদ্ধে। এছাড়া ঠিকমত অফিস না করারও অভিযোগ রয়েছে উপপরিচালকের বিরুদ্ধে।

বিভিন্ন ভাবে অনুসন্ধানে জানা গেছে, গত আমন মৌসুমে প্রায় ২২০ একর জমিতে ধানের আবাদ করা হয়েছে বারাদি বীজ উৎপাদন খামারে। প্রতি একর জমির বিছালি বিক্রি করা হয়েছে। খামারের শ্রমিকদের কাছে একর প্রতি বিছালি ৫হাজার টাকায় এবং বাইরের ক্রেতাদের কাছে বিক্রি করা হয়েছে ৯ থেকে ১০ হাজার টাকায়। একটি বিশ^স্ত সূত্রে জানা গেছে, সব মিলিয়ে প্রায় ৯ লাখ টাকার বিছালি বিক্রি করা হয়েছে। অথচ উপপরিচালকের স্বীকারোক্তী অনুযায়ী মাত্র ৫৭ হাজার টাকা সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

নাম প্রকাশে এক শ্রমিক জানান, আমরা ১৪০ জন শ্রমিক বিছালি কিনেছি। এর মধ্যে কেউ এক একর, কেই হাফ একর জমির বিছালি কিনেছি। এছাড়া বাইরেও বিক্রি করা হয়েছে। আমাদের কাছে এক একর বাবদ ৫হাজার টাকা করে নেওয়া হয়েছে। বাইরে আরো বেশি দামে বিক্রি করা হয়েছে।

খামারের বিভিন্ন অংশে ৭০ থেকে ৮০টি সজনে গাছ রয়েছে। যেখান থেকে ৯০ হাজার থেকে ১ লাখ টাকায় সজনে ডাটা বিক্রি করা হয়েছে মেহেরপুরের এক ব্যবসায়ীর কাছে। অথচ সজনের ডাটা বিক্রি বাবদ ৩ হাজার টাকা জমা করা হয়েছে বলে স্বীকার করেছেন উপপরিচালক মনিরুজ্জামান।

গেল মৌসুমে বীজের জন্য আলু চাষ করা হয়েছিলো ৪৫ একর জমিতে। সেখান থেকে উৎপাদিত আলু বীজ হিমাগারে রাখার প্রক্রিয়া চলছে। এর

মধ্যে ননসিড গুলো লোকাল মার্কেটে বিক্রি করা হচ্ছে। তবে অবহেলা জনিত কারণে প্রায় ৫শ মনের উপর আলু বীজ পচে নষ্ট হয়ে গেছে। যেগুলো অফিসের পিছনের খামারের বিভিন্ন্ন ঘরে রাখা হয়েছে। রাতের আধারে সেগুলো ফেলে দেওয়া হচ্ছে এমন খবর পাওয়া যাচ্ছে।

খামার সর্দার মিনহাজ উদ্দীনের সাথে কথা হলে তিনি জানান, ৫’শ মনের অধিক আলু পঁচে গেছে। খামারের প্রায় সব ঘরেই পঁচা আলু রাখা আছে। কিভাবে নষ্ট হচ্ছে জিজ্ঞাসায় তিনি কোন কথা বলতে রাজি হননি।

নাম প্রকাশ না করার শর্তে এক শ্রমিক নেতা জানান, প্রায় ২০০ এর অধিক শ্রমিক খামারে কাজ করে। প্রতি শ্রমিকেন দিন হাজিরা ৫শ টাকা। দেখা গেছে, কোনদিন ১০০ শ্রমিকের মজুরি তোলা হলেও দেখা গেছে কাজ করছে হয়তো ৫০ থেকে ৬০ জন শ্রমিক। শ্রমিকদের নামে তোলা টাকা শ্রমিক না খাটিয়ে মজুরি আত্মসাৎ করেন ডিডি।

তবে বারাদি বীজ উৎপাদন খামারের উপপরিচালক মনিরুজ্জামান সব অভিযোগ অস্বীকার করে বলেন, এগুলো সঠিক না। তিনি বলেন, মাত্র ৩ হাজার টাকার সজনে ডাটা বিক্রি করা হয়েছে। বিছালি বিক্রি করা হয়েছে ৬০ হাজার টাকার মত। এর মধ্যে ৫৭ হাজার টাকা সরকারি খাতে এবং বাকিটা ভ্যাট বাবদ জমা দেওয়া হয়েছে। আলু পচনশীল বীজ। কোন কারণে কিছু আলু পচে গেছে, যাদের সংস্পর্শে আলু গুলো পচে গেছে। শ্রমিকদের বরাদ্দ দেওয়ার টাকার তালিকা চাইলে তিনি দিতে অপরাগতা প্রকাশ করে লিখিত আবেদন করতে আবেদন করতে বলেন।

মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের বারাদিতে প্রায় ৪০০ একর জমি নিয়ে গঠিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের আওতায় বারাদি বীজ উৎপাদন খামার। এখানে প্রতিবছর আমন, বোরো, হাইব্রিড ধান, গম, ভুট্টা ও আলু বীজ উৎপাদন করা হয়। যা দেশের বিভিন্ন এলাকার বীজের চাহিদা পূরণে ভুমিকা রাখে।

(বারাদি বীজ উৎপাদন খামারের দুর্নীতি ও অনিয়ম নিয়ে ধারাবাহিক প্রতিবেদন প্রকাশিত হবে মেহেরপুর প্রতিদিনে)

বারাদিতে টিসিবির কার্ড জালিয়াত চক্রের হাতে!

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নে স্বল্পমূল্যের টিসিবির কার্ড জালিয়াত চক্রের হাতে। জেলা প্রশাসন থেকে ইউনিয়নে প্রথমে ১৩০০টি কার্ড বরাদ্দ দেওয়া হয়। করোনাকালীন সময়ে যারা প্রণোদনাভাতা পেয়েছিলেন সেই ১৩০০ জনকে টিসিবি কার্ড দেওয়া হয়। পরে নতুন করে আরো ২০৩টি কার্ডের বরাদ্দ দেওয়া হয়। ওই সময়ে নবগঠিত বারাদি ইউনিয়নের প্রশাসক হিসেবে দায়িত্বে ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আপিল উদ্দিন। তাঁর স্বাক্ষরে ওই কার্ডগুলো বরাদ্দ দেওয়া হয়। কিন্তু তাঁর স্বাক্ষরযুক্ত সিলমোহর জাল করে প্রায় দ্বিগুণ কার্ড তৈরি করেছে একটি জালিয়াতি চক্র। কিছু কার্ডে কোনও সিল দেখা মেলেনি। যারা ওই কার্ডগুলো নিয়ে পন্য নিতে আসছেন তারা নিজেরাও কার্ডের মালিক নন।

গতকাল বিভিন্ন মাধ্যমে মেহেরপুর প্রতিদিনে খবর আসে বারাদি ইউনিয়নে টিসিবি পন্য দেওয়ার পর কার্ড নিয়ে নেওয়া হচ্ছে। এমন খবরের প্রেক্ষিতে সরেজমিনে বারাদি ইউনিয়নে টিসিবি পন্য বিতরণ সরেজমিনে খোজ নেওয়া হয়। খোঁজ নিতে গিয়ে মেলে ভিন্ন অবস্থা। প্রায় শতাধিক নারী-পুরুষ কার্ড হাতে লাইনে দাড়িয়ে রয়েছেন পন্য নিতে। সকলের মুখে মুখে এক কথা কার্ডগুলো নিয়ে নেওয়া হচ্ছে। চেয়ারম্যানের একজন প্রতিনিধি কার্ডগুলো নিয়ে নিচ্ছেন।

কথা হয় চেয়ারম্যানের প্রতিনিধি রুহুল আমিনের সাথে। তিনি কার্ড নেওয়ার কথা স্বীকার করে কার্ড সংরক্ষন করা বক্সটি তুলে দেখিয়ে বলেন। এখানে যারা পন্য নিতে এসেছেন এদের মধ্যে অনেকে আমঝুপি, পিরোজপুর ইউনিয়ন ও চুয়াডাঙ্গার কুলপালা গ্রামের বাসিন্দাও এই ইউনিয়নের কার্ড নিয়ে পন্য নিতে এসেছেন। আবার অনেক কার্ডে কোন স্বাক্ষর নেই সিল কিছু নেই। ফলে নির্দিষ্ট পন্য শেষ হয়ে যাচ্ছে কিন্তু মানুষের ভিড় কমছে না। এর আগে যারা পন্য দিতেন তারা এসব কার্ডেই পন্য দিয়েছেন। ফলে বিড়ম্বনা তৈরি হয়েছে।

বারাদি ইউনিয়নের টিসিবি ডিলার নাজবুল হোসেন বলেন, এই ইউনিয়নের পণ্য দিতে এসে ভোগান্তির শিকার হতে হচ্ছে। নির্দিষ্ট পরিমাণ এর থেকেও অনেক পরিমাণ মানুষ এসে পণ্য নিতে আসেন বিষয়টি নিয়ে চেয়ারম্যান সাহেবকে জানালে তারা এবার কার্ডগুলো জমা নিচ্ছেন।

নবগঠিত বারাদী ইউনিয়নে ভোট কাল, মুখিয়ে আছে ভোটাররা

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়ন পরিষদের নির্বাচনে প্রার্থীদের প্রচার-প্রচারণার শেষ। এখন শুধু অপেক্ষার পালা। কে আসছেন জনপ্রতিনিধি। সকলের মাঝে উচ্ছাস বইছে তবে উৎকন্ঠাও আছে। কারন, নির্বাচনের শুরুতেই এখানে ঝরেছে রক্ত।

রাজনগর, জুগিন্দা, হাসনাবাদ, বরশি বাড়িয়া, বারাদি,মোমিনপুর, কলাইডাঙ্গা, পাটকেল পোতা, পাটাপুকা, চাঁদপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, নতুন দরবেশপুর ও শিমুলতলা গ্রাম নিয়ে গঠিত বারাদি ইউনিয়ন।

আর মাত্র কয়েক ঘন্টার অপেক্ষা। প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে নবগঠিত বারাদি ইউনিয়নের নির্বাচন। পিরোজপুর ইউনিয়ন কে ভেঙে বাড়াদি ইউনিয়ন করা হয়েছে। স্বাভাবিক কারণে নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে।

নবগঠিত বাড়াদি ইউনিয়নে প্রথমবারের মতো নির্বাচন হওয়ায় সাধারণ ভোটারদের মধ্যে উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

প্রথমবারের মতো অনুষ্ঠিত বারাদি ইউনিয়নের প্রথম চেয়ারম্যান, মেম্বার এবং সংরক্ষিত মহিলা মেম্বার হওয়ার লক্ষ্যে প্রার্থীরা উঠে পড়ে লেগেছে।

নবগঠিত বারাদি ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ১৫০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৯ হাজার ৬০৪ জন এবং মহিলা ভোটার ৯ হাজার ৫৪৬ জন।

এই ইউনিয়নে চেয়ারম্যান পদে ৬ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত মোমিনুল ইসলাম( নৌকা), আরমান আলী (ঘোড়া), হাসিবুল হাসান বাবু (চশমা), নুরু উস সাফা (মশাল), নুর ইসলাম (রজনীগন্ধা), সালে আল আজিজ টনিক (আনারস)।

সংরক্ষিত সদস্য পদে ১ নং ওয়ার্ডে পুষ্পরানি (মাইক), সালমা (তালগাছ) , বিউটি (হেলিকপ্টার), শাহিনা (সূর্যমুখী ফুল) ,পারভীনা

(বক)। ২ নং ওয়ার্ডে সাগরিকা (বক) , আজমিরা(মাইক) বুলবুলি (কলম), নুরজাহান (তালগাছ), ৩ নং ওয়ার্ডে ফারজানা (বক), শাহনাজ খাতুন (হেলিকপ্টার), খাদিজা আক্তার (মাইক), শামসুন্নাহার (তালগাছ) প্রতীক ভোট করছেন ।

সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ডে মুক্তি (ফুটবল), মোস্তাফিজুর (টিউবওয়েল), খাকছার (বৈদ্যুতিক পাখা), কাসেদ (মোরগ), আসাদুল (তালা, ২ নং ওয়ার্ডে ইমাম-উল-হক (মোরগ), আব্দুস সালাম (তালা), আশরাফুজ্জামান (ভ্যানগাড়ি), মোখলেসুর রহমান (বৈদ্যুতিকপাখা), শফি মীর (ফুটবল), শাহিন আলী (টিউবওয়েল), ৩ নং ওয়ার্ডে রিপন (ক্রিকেটব্যাট), তারিকুল (মোরগ), আকরাম হোসেন (তালা), রবিউজ্জামান বাবু (ফুটবল), শরিফুল ইসলাম (টিউবওয়েল), ৪নং ওয়ার্ডে রিপন (ফুটবল), স্বাধীন (তালা), মুর্শিদকুলি মেঘা (মোরগ), ৫ নং ওয়ার্ডে সাইফুল (বৈদ্যুতিক পাখা), তাহাজ উদ্দিন (মোরগ), বেলাল উদ্দিন (তালা), কামরুজ্জামান (টিউবওয়েল), নজরুল ইসলাম (ফুটবল), ৬ নং ওয়ার্ডে জাহাঙ্গীর (মোরগ), শফিকুর রহমান (তালা),শাকমান মোল্লা(ফুটবল) । ৭ নং ওয়ার্ডে মিজানুর রহমান (বৈদ্যুতিক পাখা) , রফিকুল ইসলাম (ফুটবল) , রেজাউল (টিউবওয়েল) , কামাল (মোরগ), ইয়াদ শেখ (তালা), ৮ নং ওয়ার্ডে সাইদুর (ভ্যান গাড়ি), শফিকুল (তালা), সোহাগ (বৈদ্যুতিকপাখা), জয়নাল (মোরগ), সিদ্দিক আজিজ বাবলু (ঘুড়ি), জাকির হোসেন (ফুটবল), হাফিজুর (টিউবওয়েল), ৯ নং ওয়ার্ডে এমদাদুল (তালা), জাহাঙ্গীর হোসেন (ফুটবল), দেলোয়ার (মোরগ) ও সুলতান আলী (টিউবওয়েল)।

বারাদিতে আ.লীগ প্রার্থীসহ চার প্রার্থীর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ

নির্বাচনী আচরণ-বিধি লঙ্ঘনের দায়ে মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় চেয়ারম্যান প্রার্থীসহ চার প্রার্থীকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে রিটার্নিং অফিসার।

তিনটির অধিক নির্বাচনী ক্যাম্প স্থাপন করায় আওয়ামীলীগের দলীয় প্রার্থী মোমিনুল ইসলাম কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন নির্বাচন অফিস।
গতকাল বৃহস্পতিবার নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত ইউনিয়ন পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা-২০১৬ এর বিধি ১২ এর স্পষ্ট লঙ্ঘন করার অভিযোগ এনে তিনটি ক্যাম্প বাদে বাকি ক্যাম্প বা অফিস বন্ধ করার নির্দেশ দিয়েছেন। এছাড়া কেন তার বিরুদ্ধে বিধিমালা লঙ্ঘনের জন্য ইউনিয়ন পরিষদ আচরণ বিধিমালা-২০১৬ এর ৩১ বিধি অনুসারে শাস্তি প্রয়োগ করা হবে না?
এদিকে, বারাদি ইউনিয়ন পরিষদের নির্বাচনী এলাকায় আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে সাধারণ সদস্য ৩ জন প্রার্থীদেরকে কারন দর্শানোর নোটিশ দিয়েছে রিটার্নিং অফিসার। তারা হলেন ৪ নং ওয়ার্ডের মোমিনপুর ও বারাদি ভোটার এলাকায় তালা প্রতীকের প্রার্থী স্বাধীন শেখ, মোরগ প্রতিকের প্রার্থী মোর্শেদ কুলি মেগা ও ফুটবল প্রতিকের প্রার্থী রিপন আলী।

জানা গেছে, ইউনিয়ন পরিষদ নির্বাচন আচরণবিধি মালা ২০১৬ এর বিধি ২১ অনুসরণ না করে একটির পরিবর্তে একাধিক শব্দযন্ত্র মাইক ব্যবহার করেছেন। আগামী ৪৮ ঘন্টার মধ্যে রিটার্নিং অফিসারের নিকট সন্তোষজনক জবাব দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীদের নির্বাচনী আচরণ লঙ্ঘনের দায়ে শাস্তি প্রয়োগ করা হবে জানিয়েছেন বারাদি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের রিটার্নিং অফিসার মেহেদী হাসান।

ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে বারাদি বাজারে ছাত্রলীগের বিক্ষোভ

মেহেরপুর সদরের বারাদি বাজারে কুষ্টিয়া স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় বারাদি বাজারে ছাত্রলীগের পক্ষ থেকে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৪ টার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা মহাসড়কের বারাদী বাজারে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুনের সভাপতিত্বে প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন।

সাবেক ছাত্রলীগ নেতা বেলাল হোসেন মানিক, জেলা ছাত্রলীগের সদস্য শফিকুর রহমান লিটন, এছাড়া উপস্থিত ছিলেন জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান খোকন, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক রবিন, শ্রমিক লীগের সভাপতি আলতাব হোসেন, ওসিমউদ্দিন আরো উপস্থিত ছিলেন ইয়ামিন, সাইদ, হাসান, জুয়েল, আরজ, সিজার তৌহিদুল রিদয়, আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরের বারাদিতে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ আহত

মেহেরপুরের বারাদি বাজারে মোটর সাইকেলে ও সাইকেলর মুখোমুখি সংঘর্ষে ছুটিপুর গ্রামের তমেজ (৬৫) গুরুতর আহত হয়েছেন।

বুধবার বিকেল বারাদি বাজার নাসিরের মিলের সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আহত তমেজ উদ্দিন ছুটিপুর থেকে বারাদি বাজারে কামারের কাছে হেঁসো কাঁচি পোড়াতে আসে, হেঁসো কাচি পোড়ানোর পর বারাদি বাজার থেকে বাজার করে বাড়ি যাওয়ার জন্য রহনা দেন তিন।

এমন অবস্থাই বাড়াদি বাজার অতিক্রম করে নাসিরের কাঠ ফাড়া মিলের সামনে পৌঁছালে, অপর দিক থেকে বেপরোয়াভাবে আসা একটি মোটরসাইকেল তার সাইকেলে ধাক্কা মারে।এতে তিনি গুরুতর আহত হয়। এ অবস্থায় মোটরসাইকেল চালক তাকে ফেলে রেখে পালিয়ে যায়।

মেহেরপুর ফায়ার সার্ভিস’র একটি টিম ঘটনাস্থলে দ্রুত পৌঁছে আহত অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আশে, বর্তমানে তমেজউদ্দিন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আমার সব শেষ হয়ে গেলো- দিন মজুর মুকুলের আর্তনাদ

মেহেরপুর সদর উপজেলার বারাদি গ্রামের দিন মজুর মুকুল। জীবনের উপার্জিত টাকার সব টুকু দিয়ে মাস নয়েক আগে কিনেছিল একটি গরুর বাছুর। আশা ছিল বড় হলে বিক্রি করে ঘরের ছাদ আটবে। কিন্তু পোড়া কপালে সে সুখ আর সইল না।

বৃহস্পতিবার সকালে সেফটি ট্যাংকের মধ্যে পড়ে মারা যায় গরুটি। সেই সাথে সাথে সপ্নটিও শেষ হয়ে নিমিশেই।

মুকুল বলেন ৯ মাস আগে একটি এড়ে গরু ক্রয় করেছিলোম ৬৫০০০ হাজার টাকা দিয়ে যার বর্তমান বাজার মূল্য প্রায় দেড় লক্ষ টাকা।

একমাত্র অবলম্বন টি হারিয়ে দিশেহারা হয়ে পড়েছি।